

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৯৩

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - 'আরাফায় অবস্থান প্রসঙ্গে

بَابُ الْوُقُوْفِ بِعَرَفَةَ

### আরবী

وَعَنْ جَابِرٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «نحرتُ هَهُنَا وَمِنَّى كُلُّهَا هَنْحَرُ فَانْحَرُوا فِي رِحَالِكُمْ. وَوَقَفْتُ هَهُنَا وعرفةُ كلُّها موقفٌ. ووقفتُ هَهُنَا وجَمْعٌ كلُّها موقفٌ» . رَوَاهُ مُسلم

#### বাংলা

২৫৯৩-[২] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি এ স্থানে কুরবানী করেছি, মিনা সম্পূর্ণটাই কুরবানীর স্থান। তাই তোমরা তোমাদের বাসায় কুরবানী কর। আমি এ স্থানে ('আরাফায়) অবস্থান করেছি, আর 'আরাফাহ্ সম্পূর্ণটাই অবস্থানের স্থান এবং আমি এ জায়গায় অবস্থান করেছি, আর মুযদালিফা সম্পূর্ণটাই অবস্থানের স্থান। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৩৪৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ২০১৩৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কুরবানী করার স্থানকে এবং 'আরাফায় অবস্থান করার স্থানকে নির্দিষ্ট না করার দলীল। বরং মিনার সকল স্থানে কুরবানী করা বৈধ। কিন্তু উত্তম হলো রসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম যেখানে কুরবানী করেছেন সেখানে কুরবানী করা ইমাম শাফি 'ঈ (রহঃ) বলেছেন। সারকথা হচ্ছে মিনার সকল স্থানে কুরবানী করা বৈধ। এজন্য রসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা তোমাদের বাড়ীতে কুরবানী করো। আর তোমরা কুরবানী আমার কুরবানী করার স্থানে কুরবানী করা ধার্য করে নিয়ো না, বরং মিনায় অবস্থিত তোমাদের বাড়িগুলোতেও কুরবানী করতে পার। আর 'উরানাহ্ নামক স্থান ব্যতীত 'আরাফার সকল স্থানেই অবস্থান করার জায়গা। সকল 'উলামা ঐকমত্য পোষণ করেছেন যে, 'আরাফার



যে কোন স্থানে অবস্থান করলে তা শুদ্ধ হবে। এর চারটি সীমারেখা আছে,

- ১. পূর্ব দিকের রাস্তার সীমানা।
- ২. পাহাড় সংলগ্ন সীমানা, যা তার পেছনে আছে।
- ৩. কাবার সামনের বাম পাশের দুই পাশ সংলগ্ন বাগানের সীমানা পর্যন্ত।
- ৪. 'উরানাহ্ উপত্যকা।

'উরানাহ্ উপত্যকা ও নামিরাহ্ 'আরাফাহ্ ও হারামের অন্তর্ভুক্ত নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন